# ওয়েস্ট বেঙ্গল মোশন পিকচার আর্টিস্টস্ ফোরাম

এন. টি.–১ স্টুডিও, ৩০, চন্ডী ঘোষ রোড, কোলকাতা-৭০০ ০৪০

Regd. No. : 22893

## বার্ষিক সাধারণ সভা

২৩শে মার্চ, ২০১৪

### ।। সম্পাদকের প্রতিবেদন ।।

ষোড়শ (১৬তম) বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে হার্দিক ও আন্তরিক শুভেচ্ছা জানাই। সাধারণ সম্পাদক হিসেবে বিগত বছরের গৃহীত কর্মসূচীর সামগ্রিক পর্যালোচনা প্রতিবেদন  আকারে আপনাদের কাছে পেশ করছি।

শিল্পী, কলাকুশলী ও প্রযোজকদের একসূত্রে বেঁধে, চলচ্চিত্র ও ভিডিও শিল্পকে আরও উন্নতমানে  পৌঁছে দিতে আর্টিস্টস্ ফোরাম বদ্ধপরিকর। একে অপরের সুখ দুঃখের সাথী হওয়ায়, বিপদে পরস্পরের পাশে দাঁড়ানোর, একসাথে কাধে-কাঁধ মিলিয়ে আরও বড় লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার যে মানসিকতা থেকে ফোরামের সৃষ্টি, যাত্রা শুরু, সে যাত্রা আজও অব্যাহত। সম্পাদক হিসেবে এই কর্মযজ্ঞে আপনাদের সকলের ঐকান্তিক সহযোগিতাকে আন্তরিক ধন্যবাদ জানাই। আহ্বান জানাই, নতুন প্রজন্মের নবীন শিল্পীদের কাছে, আরো বেশী করে ফোরামের কর্মকান্ডে যোগদানের জন্য। তাদের সক্রিয় অংশগ্রহণ, ফোরামের কর্মপ্রবাহে সমন্বয় স্থাপনে সহায়ক হবে।

আমরা বিগত দিনে আমাদের কয়েকজন শিল্পী বন্ধু নির্দেশক ও গুণী কলাকুশলীকে হারিয়েছি, যাঁরা আমাদের এই সংগঠনের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত ছিলেন। তাঁদের অভাব আমরা সব সময় অনুভব করছি। সুচিত্রা সেন, অতনু মুখার্জী, শম্ভূ চক্রবর্তী, কুনাল পাধি, গৌতম সাধুখাঁ, সুজিত ব্যানার্জী, ঋতুপর্ণ ঘোষ, দেবাংশু সেনগুপ্ত। আমরা কৃতজ্ঞচিত্তে তাদের স্মরণ করি ও আত্মার শান্তি কামনা করি এবং গভীর সমবেদনা জানাই তাঁদের পরিবারকে।

বাংলা চলচ্চিত্র শিল্পে ছবি তৈরীর যে জোয়ার এসেছে তা অব্যাহত। ব্যবসায়িক সাফল্য লাভ করেছে বহু ছবি, যা আমাদের সকলের পক্ষেই উৎসাহজনক। চলচ্চিত্র নির্মাণের বিভিন্ন ক্ষেত্রে জাতীয় পুরস্কারের সংখ্যাই বাংলা ছবির সমৃদ্ধি প্রমাণ করে।

অভিনন্দন জানাই পুরস্কার প্রাপ্ত নির্মাতা, নির্দেশক, পরিবেশক, ডিস্ট্রিবিউটর, এক্সিবিটর, অভিনেতা ও কলাকুশলীদের। একই সঙ্গে বিভিন্ন চ্যানেলগুলিতে সিরিয়াল, গেম ও রিয়্যালিটি শো-গুলির রমরমা, আমাদের আরো সুদিনের পথ দেখাচ্ছে। বিভিন্ন টিভি চ্যানেল ও বিভিন্ন চ্যানেলের অনুষ্ঠান-নির্মাতাদের জানাই উষ্ণ অভিনন্দন।

এই বার্ষিক সাধারণ সভায় সকলকে সদস্যপদ নবীকরণের কথাটা মনে করিয়ে দিতে চাই। আপনাদের সচেতনতা, আমাদের কোষাগারকে সমৃদ্ধ করবে ও আমাদের কর্মপ্রণালীকে মসৃণভাবে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।

**Zee-** বাংলা আয়োজিত "৩০শে প্রসেনজিৎ" অনুষ্ঠানে ফোরামের সদস্যদের অংশগ্রহণও আমাদের তহবিলকে সমৃদ্ধ করেছে। এবারের কোলকাতা চলচ্চিত্র উৎসবে ফোরাম সক্রিয়ভাবে অংশগ্রহণ করে সাফল্যের সঙ্গে। সেটাও সম্ভব হয়েছে আমাদের সদস্য ও সদস্যাদের স্বতঃস্ফূর্ত সহযোগিতায়।

এবার 'ইউনিক' কার্ডের প্রসঙ্গে আসি। আর্টিস্টস্ ফোরাম-এর সকল সদস্য ও সদস্যাদের জানাই -- 'ইউনিক কার্ড' করা বাধ্যতামূলক। সকলকে আবেদন করবো নির্দিষ্ট সময়ের মধ্যে তারা যেন কার্ড করিয়ে নেন।

পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ জানাই, আমাদের জন্য 'মেডিক্লেম' প্রকল্প ঘোষণা করার জন্য। সদস্য সদস্যাদের আহ্বান জানাই এই প্রকল্পের অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে।

কিছু প্রতিভাবান, অগ্রজ অভিনেতা ও অভিনেত্রীরা জীবন সংগ্রামে বিধ্বস্ত, শারীরিক কারণে অক্ষম, কর্মহীন। তাঁদের পাশে সর্বতভাবে সবরকম সাহায্য নিয়ে দাঁড়ানো আমাদের কর্তব্য। আমরা এব্যাপারে সুচিন্তিত পরিকল্পনা গ্রহণে বদ্ধপরিকর।

পরিশেষে বলি, আমরা সকলে ঐক্যবদ্ধ হয়ে আমাদের ফোরামকে এগিয়ে নিয়ে যেতে চাই। আসুন-- আমরা ভেদাভেদ, মনমালিন্য, মতভেদ, মান-অভিমান ভুলে হাতে হাত মিলিয়ে আমাদের শিল্পকে উজ্জ্বলতর করে বাঁচিয়ে রাখার সুমহান প্রয়াসে ব্রতী হই।

সবাই ভালো থাকবেন।

২৩শে মার্চ, ২০১৪
এন. টি.-১ স্টুডিও,
৩০, চন্ডিঘোষ রোড, কোলকাতা-৪০

ধন্যবাদান্তে-
বিনীত-
সব্যসাচী চক্রবর্তী
(সাধারণ সম্পাদক)